গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mopme.gov.bd

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৯.১৪.০১৫.১৬-৩৭

তারিখ ০৮ ফাল্গুন ১৪২৪ / ২০ ফেব্রুয়ারি ২০১৮

## পরিপত্র (সংশোধিত)

প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্পের মাধ্যমে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত সকল শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান এক ইতিবাচক এবং যুগান্তকারী উদ্যোগ। বর্ণিত প্রকল্পের তৃতীয় পর্যায়ের আওতায় দেশব্যাপী প্রাথমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত সকল শিক্ষার্থীকে আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীর ভর্তি ও উপস্থিতির হার বৃদ্ধি, ঝরেপড়ার হার রোধকরণ, প্রাথমিক শিক্ষাচক্রের সমাপ্তির হার বৃদ্ধিকরণ এবং সার্বিকভাবে শিশুশ্রম রোধকরণ, দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, সামাজিক নিরাপত্তা জোরদারকরণ ও প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে বর্তমান সরকার কার্যকর ভূমিকা পালন করছে।

প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ সমগ্র বাংলাদেশের প্রাথমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে এ পরিপত্রের ২.২, ৪.১ ও ৪.২ অনুচ্ছেদের শর্তানুযায়ী তাদের অভিভাবকদের (সুবিধাভোগী) মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে উপবৃত্তি প্রদান করা হচ্ছে। উপবৃত্তি প্রদান প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও সমন্বয়ের জন্য নির্ধারিত ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, বিভাগীয় উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মনিটরিং অফিসার (উপবৃত্তি), উপজেলা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং স্কুল ম্যানেজমেন্ট কমিটি (এসএমসি)-কে নিম্নোক্ত নির্দেশাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**২। প্রকল্প এলাকা ও প্রকল্পভুক্তির জন্য যোগ্য প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ**

**২.১ প্রকল্প এলাকা বলতে সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ দেশের সমগ্র এলাকাকে বোঝাবে।**

**২.২ নিম্নোক্ত প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ প্রকল্পভুক্ত/ প্রকল্পভুক্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে**

| ক্রমিক | শিক্ষা প্রতিষ্ঠানের ধরন |
|---|---|
| ক | সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| খ | সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা |
| গ | মাধ্যমিক বিদ্যালয় সংযুক্ত প্রাথমিক স্তর |
| ঘ | হাই মাদ্রাসা সংযুক্ত স্বীকৃতিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা |
| ঙ | শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয় |
| চ | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত চালুকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় |
| ছ | পৌরসভা ও সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/নিয়ন্ত্রিত সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা |

**বি: দ্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত/ নিয়ন্ত্রিত সকল সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রকল্পভুক্ত হিসেবে বিবেচিত হবে। উক্ত প্রতিষ্ঠানসমূহের প্রকল্পভুক্তির জন্য কোনো আবেদন করার প্রয়োজন নেই।**

**৩। সুবিধাভোগী পরিবার**

পরিপত্রের ২.২ অনুচ্ছেদে বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর পরিবার প্রাথমিকভাবে এ প্রকল্পের আর্থিক সহায়তার আওতায় পড়বে এবং সুবিধাভোগী পরিবার হিসেবে বিবেচিত হবে।

**৪। সুবিধাভোগী শিক্ষার্থী ও পরিবার বাছাই**

৪.১ বছরের শুরুতে ভর্তি কার্যক্রম সম্পন্ন হবার পর প্রধান শিক্ষক প্রতিষ্ঠানের ম্যানেজমেন্ট কমিটির সহায়তায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্য হতে ৪.২ অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী সুবিধাভোগী শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করবেন। উক্ত তালিকা প্রণয়নের সময় শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল নম্বর, শিক্ষার্থী ও অভিভাবকের ছবি (একই ছবিতে), অভিভাবকের নাম (অভিভাবক বলতে মাতা বা তার অবর্তমানে পিতা অথবা বৈধ অভিভাবক), জাতীয় পরিচয়পত্রের নম্বর এবং মোবাইল অ্যাকাউন্ট খোলার জন্য সচল মোবাইল নম্বর লিপিবদ্ধ করবেন। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এসএমসি না থাকলে এ্যাডহক কমিটির সভাপতির সহায়তায় প্রধান শিক্ষক উক্ত তালিকা প্রণয়ন করবেন।